

উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, উল্লাপাড়া এর নভেম্বর /২০২২ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ উজ্জল হোসেন।
 : উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
 স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।
 তারিখ : ১৩/১১/২০২২খ্রিঃ।
 সময় : ১২.০০ ঘটিকায়।

অদ্য ১৩/১১/২০২২ খ্রিঃ রোজ সোমবার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে এক সভার আয়োজন করা হয়। উক্ত সভার সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১। সারের বরাদ্দ, উত্তোলন, বিতরণ, মজুদ এবং মনিটরিং : সদস্য সচিব সভায় জানান অদ্য পর্যন্ত উপজেলায় ইউরিয়া সারের মজুদ ৩১০ মেঃ টন টিএসপি সারের মজুদ ২৫০ মেঃ টন এম ও পি সার, ২২০ মে.টন ও ডিএপি সার ৩৬০ মেঃ টন। উপজেলায় মোট ২১ জন ডিলারের মধ্যে ২১ জন ডিলার ইউরিয়া সারের টাকা জমা প্রদান করেছেন এবং সার উত্তোলন চলমান আছে।	নির্দিষ্ট সময়ের মধ্যে সকল ডিলারের টাকা জমা প্রদান ও বরাদ্দকৃত সার উত্তোলনের ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি অফিসার।
০২। খুচরা সার ডিলার নিয়োগ সংক্রান্ত : গত অক্টোবর ও নভেম্বর মাসে খুচরা সার বিক্রেতার লাইসেন্স এর আবেদন পাওয়া গেছে- ১। মোঃ রিয়াজ উদ্দিন, লাহিড়ী মোহনপুর। ২। মোঃ হেলালুজ্জামান, হাটিকুমরুল। ৩। মোঃ জাহিদুল ইসলাম, সলপ। ৪। মোঃ আঃ মান্নান, সলপ। ৫। মোঃ সৌরভ শেখ, সলপ। খুচরা সার ডিলার নিয়োগ নীতিমালা-২০০৯ অনুযায়ী প্রত্যেক ইউনিয়নে ০৯ জন খুচরা সার ডিলার থাকার কথা। অত্র উপজেলার ১৪ টি ইউনিয়ন ও ১ টি পৌরসভায় মোট ১৩৫ জন খুচরা সার ডিলার রয়েছে। যে কোন ইউনিয়নে কোন একটি খুচরা ডিলারের শূন্যতা সৃষ্টি সাপেক্ষে পরবর্তীতে নিয়োগের ব্যাপারে আলোচনা করা হয়।	সাম্প্রতিক পরিস্থিতিতে নতুন করে খুচরা সার ডিলার নিয়োগ করার কোন সুযোগ নেই। যে কোন ইউনিয়নে কোন একটি খুচরা সার ডিলারের শূন্যতা সৃষ্টি সাপেক্ষে পরবর্তীতে নিয়োগের ব্যাপারে সিদ্ধান্ত আলোচনা করা হয়।	উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি।
০৩। বিবিধঃ সারের মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। মাঠ পর্যায়ে কর্মরত উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ডিলারদের দোকানে উপস্থিত থেকে কৃষকদের মাঝে সার বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন। কোথাও সারের কোন সংকট নেই। সারের মজুদ সন্তোষজনক।	কৃষকরা যাতে ন্যায্য মূল্যে সার পায় সে জন্য সার্বক্ষণিক মনিটরিং কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। অবৈধভাবে সার মজুদ এবং অতিরিক্ত মূল্যে সার বিক্রয়ের অভিযোগ পেলে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি।

অদ্যকার সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ
 (মোঃ উজ্জল হোসেন)
 উপজেলা নির্বাহী অফিসার
 ও
 সভাপতি
 উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি
 উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

স্মারক নংঃ-৮৫৪

তারিখ : ১৩/১১/২০২২খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৬৫, সিরাজগঞ্জ-৪, উল্লাপাড়া।
- ২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ৩। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, সিরাজগঞ্জ।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- ৬। মেয়র, উলুপাড়া পৌরসভা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- ৭। ভাইস/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
- ৮। উপজেলাঅফিসার, সদস্য, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি।
- ৯। চেয়ারম্যান ইউনিয়ন, উল্লাপাড়া (সকল)।
- ১০। মেসার্স বিসিআইসি/বিএডিসি সার ডিলার (সকল)।
- ১২। অফিস নথি-হিসাব শাখা।

স্বাঃ

(সুবর্ণা ইয়াসমীন-সুমী)

ও

সদস্য সচিব

উপজেলা সার ও বীজ মনিটরিং

কমিটি

উল্লাপাড়া, সিরাজগঞ্জ।